গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৩৪-আইন/২০২৬/৩৩৯-মূসক।— সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২২৯-আইন/২০১৯/৬৫-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) অনুচ্ছেদ ১ এর-

(অ) টেবিল-১ এর শর্তাবলির শর্ত (গগ) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (গগ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(গগ) Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing ও Casing উৎপাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মেশিনারি যেমন- Cutting Machines, V-Cut Machine, Drilling Machine, Routing Machine, DES line, SM Developing Machine, Surface Finishing Machine, Electrical Test Machine, Automatic Soldering, Reflow Wave Soldering, Inspection Machine, Injection Molding Machine কারখানা প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে এবং উক্ত যন্ত্রপাতি সহযোগে অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত মোবাইল ফোন বা সেলুলার ফোনের ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ যথাক্রমে Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing ও Casing অথবা অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত সেলুলার ফোনের ১০০ (একশ) শতাংশ Printed Circuit Board Assembling (PCBA), ৫০ (পঞ্চাশ) শতাংশ Printed Circuit Board (PCB) ও ৫০ (পঞ্চাশ) শতাংশ Charger উৎপাদন করিতে হইবে।

ব্যাখ্যা: Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing ও Casing এর ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ উৎপাদন বলিতে প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪৭-আইন/২০২৩/২২৪-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রজ্ঞাপনে উক্ত শর্ত সংযোজনের তারিখ হইতে অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত মোবাইল ফোন বা সেলুলার ফোনের ৫০ (পঞ্চাশ) শতাংশ Printed Circuit Board (PCB), ৫০ (পঞ্চাশ) শতাংশ Charger, ৫০ (পঞ্চাশ) Battery, ৫০ (পঞ্চাশ) শতাংশ Housing ও ৫০ (পঞ্চাশ) শতাংশ Casing উৎপাদনকে বুঝাইবে।";

(আ) টেবিল-২ এর শর্তাবলির শর্ত (খ)(iii) এর পর নিম্নরূপ শর্ত (iv) ও ব্যাখ্যা সংযোজিত হইবে, যথা:-

"অথবা

(iv) অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত সেলুলার ফোনের ১০০ (একশ) শতাংশ Printed Circuit Board Assembling (PCBA) উৎপাদন করিতে হইবে।

ব্যাখ্যা: Printed Circuit Board Assembling (PCBA), Battery ও Charger এর ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ উৎপাদন/সংযোজন বলিতে প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪৭-আইন/২০২৩/২২৪-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রজ্ঞাপনে উক্ত শর্ত সংযোজনের তারিখ হইতে অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত মোবাইল ফোন বা সেলুলার ফোনের ৫০ (পঞ্চাশ) শতাংশ Printed Circuit Board Assembling (PCBA), ৫০ (পঞ্চাশ) শতাংশ Battery ও ৫০ (পঞ্চাশ) শতাংশ Charger উৎপাদন/ সংযোজনকে বুঝাইবে।"; এবং

(ই) টেবিল-৩ এর শর্তাবলির শর্ত (খখ) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (খখ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(খখ) অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৭) এ উল্লিখিত যন্ত্রপাতিসহ অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহার করিয়া সংযোজনকারী প্রতিষ্ঠান কর্তৃক ন্যূনতম ৫০

(পঞ্চাশ) শতাংশ Printed Circuit Board Assembling (PCBA) সংযোজন করিতে হইবে;

ব্যাখ্যা: Printed Circuit Board Assembling (PCBA) এর ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ সংযোজন বলিতে প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪৭-আইন/২০২৩/ ২২৪-মূসক, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রজ্ঞাপনে উক্ত শর্ত সংযোজনের তারিখ হইতে অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত মোবাইল ফোন বা সেলুলার ফোনের ৫০ (পঞ্চাশ) শতাংশ Printed Circuit Board Assembling (PCBA) সংযোজনকে বুঝাইবে।";

(খ) উপ-অনুচ্ছেদ (৭) এর পর নিম্নরূপ নূতন উপ-অনুচ্ছেদ (৮) সংযোজিত হইবে, যথা:

"(৮) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে Printed Circuit Board Assembling (PCBA) উৎপাদন বলিতে নিবন্ধিত কোন উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান কর্তৃক খালি PCB (Printed Circuit Board) এর উপর Surface Mount Technology (SMT) ব্যবহারপূর্বক বিভিন্ন electronic components বসিয়ে একটি fully loaded PCBA (Printed Circuit Board Assembly) তৈরি করাকে বুঝাইবে।";

(গ) অনুচ্ছেদ ২ এ উল্লিখিত "৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)

সচিব